গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
অনুষ্ঠান শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.moca.gov.bd



স্মারক নম্বর: ৪৩.০০.০০০০.০০০.১২৪.২৩.০২৪৪.২৬.(অংশ-২).৫৬১ তারিখ: ১৫ শ্রাবণ ১৪৩৩ বঙ্গাব্দ
৩০ জুলাই ২০২৬ খ্রিস্টাব্দ

বিষয়: সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের উদ্যোগে নজরুল বর্ষ উপলক্ষ্যে 'দেশব্যাপী সাংস্কৃতিক প্রতিযোগিতা' আয়োজনের সময়সূচিসহ পূর্ণাঙ্গ নির্দেশিকা প্রেরণ সংক্রান্ত।

সূত্র: সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের স্মারক নং-৪৩.০০.০০০০.০০০.১২৪.২৩.০২৪৪.২৬.(অংশ-৩),৫২১,তারিখ: ২৭ জুলাই ২০২৬

উপর্যুক্ত বিষয় ও সূত্রের বরাতে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সরকার ২৫ মে ২০২৬-২৫ মে ২০২৭ পর্যন্ত 'নজরুল বর্ষ' হিসেবে পালনের সিদ্ধান্ত গ্রহণ করেছে। এ পরিপ্রেক্ষিতে জাতীয় কবি কাজী নজরুল ইসলামের জীবন, সাহিত্য, দর্শন ও সৃষ্টিকর্ম সাধারণ মানুষের কাছে পৌঁছে দেয়ার লক্ষ্যে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের উদ্যোগে 'দেশব্যাপী সাংস্কৃতিক প্রতিযোগিতা' আয়োজন করা হবে। এতদ্‌উদ্দেশ্যে একটি পূর্ণাঙ্গ নির্দেশিকা প্রণয়ন করা হয়েছে। উক্ত নির্দেশিকার আলোকে স্ব স্ব অধিক্ষেত্রে প্রতিযোগিতা আয়োজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: পূর্ণাঙ্গ নির্দেশিকা।

৩০/৭/২০২৬
(আজম উদ্দীন তালুকদার)
সিনিয়র সহকারী সচিব
৫৫১০১১৬৫
event.section@moca.gov.bd

বিতরণ:
১. জেলা প্রশাসক (সকল)।
২. উপজেলা নির্বাহী অফিসার (সকল)।

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. বিভাগীয় কমিশনার (সকল)।
৭. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৮. মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৯. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
১০. মহাপরিচালক, বাংলাদেশ শিল্পকলা একাডেমি, সেগুনবাগিচা, ঢাকা।
১১. যুগ্মসচিব (সকল), সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২. জেলা শিক্ষা অফিসার (সকল)।
১৩. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল)।
১৪. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল)।
১৫. উপজেলা/থানা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল)।
১৬. জেলা কালচারাল অফিসার, জেলা শিল্পকলা একাডেমি (সকল)।

<u>সদয় অবগতির জন্য অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):</u>

১. মন্ত্রীর একান্ত সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য);
২. সিস্টেম এনালিস্ট, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
৩. প্রতিমন্ত্রীর একান্ত সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য);
৪. সচিবের একান্ত সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
৫. অতিরিক্ত সচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৬. অফিস কপি।

৩০/৭/২০২৫

(আজম উদ্দীন তালুকদার)
সিনিয়র সহকারী সচিব




গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

## নজরুল বর্ষ উপলক্ষ্য দেশব্যাপী প্রাথমিক, কারিগরি ও মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের অংশগ্রহণে সাংস্কৃতিক প্রতিযোগিতা আয়োজন সংক্রান্ত নির্দেশিকা

**সময়কাল : ০১ সেপ্টেম্বর হতে ১২ অক্টোবর ২০২৬**

**১. উদ্দেশ্য:**

- জাতীয় পর্যায়ে নজরুল চর্চা ও সংরক্ষণ
- তরুণ প্রজন্মকে সাংস্কৃতিক কর্মকান্ডে সম্পৃক্ত করা
- সৃজনশীলতা বিকাশ ও প্রতিভা অন্বেষণ
- একতা ও সম্প্রীতি জোরদার করা

**২.প্রতিযোগিতার বিষয়সমূহ:**

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ❖ সঙ্গীত (নজরুল সঙ্গীত) | ❖ কবিতা আবৃত্তি<br>• কবিতা- 'খোকার সাধ' ও 'খুকি ও কাঠবিড়ালী' (প্রাথমিক পর্যায়ে),<br>• সংকল্প/ কান্ডারি হুশিয়ার (কারিগরি ও মাধ্যমিক পর্যায়ে)] | ❖ চিত্রাংকন (বিভিন্ন বয়সে নজরুল) | ❖ অভিনয় (একক) (কাজী নজরুল ইসলাম রচিত গল্প/নাটকের সম্পূর্ণ অথবা অংশবিশেষ) | ❖ নৃত্য (একক) (নজরুল সংগীত) |

**৩. মতবিনিয়ম সভা:**

| তারিখ | পর্যায় |
|---|---|
| ৮ ও ৯ আগস্ট | বিভাগ |
| ১১ আগস্ট | জেলা |
| ১২ আগস্ট | উপজেলা |
| ১৩ আগস্ট | ইউনিয়ন |

- ➢ বিভাগীয় পর্যায়ের মতবিনিময় সভাসমূহে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী/উপদেষ্টা/সচিব মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট কর্মকর্তাগণ এবং সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তাবৃন্দ অংশগ্রহণ করবেন। সংশ্লিষ্ট বিভাগের জেলা প্রশাসকবৃন্দ মতবিনিময় সভায় উপস্থিত থাকবেন।
- ➢ জেলা প্রশাসক এবং উপজেলা নির্বাহী অফিসারবৃন্দ সংশ্লিষ্ট জেলা/উপজেলার প্রাথমিক, কারিগরি ও মাধ্যমিক বিদ্যালয়সমূহের শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণের সাথে মত বিনিময় সভার আয়োজন করবেন। জেলা শিক্ষা অফিসার, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, জেলা কালচারাল অফিসার, উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, একাডেমিক সুপারভাইজার ও সংশ্লিষ্ট ব্যক্তিগণ মত বিনিময় সভায় উপস্থিত

**৪. প্রতিযোগিতা আয়োজনের পরিকল্পনা ও প্রস্তুতি:** ১৬-৩০ আগস্ট ২০২৬

- বিভিন্ন পর্যায়ে প্রতিযোগিতা আয়োজনের লক্ষ্যে বিভিন্ন কমিটি গঠন
- বিচারক নিয়োগ

**৫. প্রতিযোগিতার উদ্বোধন:**

| তারিখ | পর্যায় |
|---|---|
| ১ সেপ্টেম্বর ২০২৬ | সারাদেশে একযোগে উদ্বোধন<br>(জেলা, উপজেলা, পৌরসভা/ইউনিয়ন পর্যায়ে) |

- ১ সেপ্টেম্বর ২০২৬ তারিখ সকাল ১০.০০ টায় দেশব্যাপী একযোগে জেলা, উপজেলা, ইউনিয়ন পর্যায়ে উদ্বোধন অনুষ্ঠান আয়োজন করতে হবে। উদ্বোধনী অনুষ্ঠানে জেলা পর্যায়ে মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী/সংসদ সদস্য/জেলা প্রশাসক প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন। এছাড়া উপজেলা পর্যায়ে মাননীয় সংসদ সদস্য/উপজেলা নির্বাহী অফিসার এবং পৌরসভা/ ইউনিয়ন পর্যায়ে উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক মনোনীত সমাজের একজন বিশিষ্ট ব্যক্তি/কর্মকর্তা প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন।
- উদ্বোধন অনুষ্ঠানের অংশ হিসেবে ছাত্র/ছাত্রী সমাবেশ এবং র‍্যালী অনুষ্ঠিত হবে। র‍্যালীতে জাতীয় কবি কাজী নজরুল ইসলাম রচিত **দুর্গম গিরি কান্তার মরু, চল্ চল্ চল্, একি অপরূপ রূপে মা তোমার-এই গানসমূহ পরিবেশন করতে হবে।**

**৬.বিভিন্ন পর্যায়ে প্রতিযোগিতা আয়োজনের সময়কাল :**

| স্তর | দিন | সময়কাল | পর্যায় |
|---|---|---|---|
| বিদ্যালয় | ৭ দিন | ২, ৩ ও ৫ সেপ্টেম্বর ২০২৬<br>প্রাথমিক পর্যায়ে<br>গ্রুপ-ক (১ম ও ২য় শ্রেণী)<br>গ্রুপ-খ (৩য়-৫ম শ্রেণী) | |
| | | ৭, ৮, ৯ ও ১০ সেপ্টেম্বর ২০২৬ | কারিগরি ও মাধ্যমিক পর্যায়ে<br>গ্রুপ-ক (৬ষ্ঠ-৮ম শ্রেণী)<br>গ্রুপ-খ (৯ম-১০ম শ্রেণী) |
| পৌরসভা/ইউনিয়ন | ৪ দিন | ১৪-১৭ সেপ্টেম্বর ২০২৬ | পৌরসভা/ইউনিয়ন পর্যায়ে |
| উপজেলা | ৫ দিন | ২০-২৪ সেপ্টেম্বর ২০২৬ | উপজেলা পর্যায়ে |
| জেলা/সিটি কর্পোরেশন | ৪ দিন | ২৬-২৭ সেপ্টেম্বর ২০২৬ এবং<br>২৯-৩০ সেপ্টেম্বর ২০২৬ | জেলা পর্যায়ে |
| বিভাগ | ৪ দিন | ০৩-০৬ অক্টোবর ২০২৬ | বিভাগীয় পর্যায়ে |
| জাতীয় | ৩ দিন | ১০-১২ অক্টোবর ২০২৬ | জাতীয় পর্যায়ে |

- বিদ্যালয় পর্যায়ের প্রতিযোগিতায় বিভিন্ন বিষয়ের বিজয়ীগণ পৌরসভা/ইউনিয়ন পর্যায়ে প্রতিযোগিতায় অংশগ্রহণ করবে। অনুরূপভাবে পৌরসভা/ইউনিয়ন পর্যায়ের বিজয়ীগণ উপজেলা পর্যায়ে, উপজেলা পর্যায়ের বিজয়ীগণ জেলা পর্যায়ে, জেলা পর্যায়ের বিজয়ীগণ বিভাগ পর্যায়ে এবং বিভাগ পর্যায়ের বিজয়ীগণ জাতীয় পর্যায়ে প্রতিযোগিতায় অংশগ্রহণ করবে।

- সিটি কর্পোরেশনের অন্তর্গত বিদ্যালয়সমূহ সংশ্লিষ্ট জেলা কমিটি কর্তৃক আয়োজিত প্রতিযোগিতায় অংশ গ্রহণ করবে।
- **জাতীয় পর্যায়ে ফলাফল ঘোষণা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান মাননীয় প্রধানমন্ত্রীর সুবিধাজনক সময়ে আয়োজিত হবে।**

**৭. আয়োজক কমিটি:**

নজরুল বর্ষ উপলক্ষ্যে সাংস্কৃতিক প্রতিযোগিতা আয়োজন ও পরিচালনার জন্য ইউনিয়ন/পৌরসভা, জেলা/সিটি কর্পোরেশন, বিভাগ এবং জাতীয় পর্যায়ে নিম্নরূপ কমিটি গঠিত হবে।

**৭.১ জাতীয় কমিটি: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

| | | |
|---|---|---|
| ১. | মাননীয় মন্ত্রী/ উপদেষ্টা, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় | প্রধান উপদেষ্টা |
| ২. | মাননীয় প্রতিমন্ত্রী, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় | উপদেষ্টা |
| ৩. | মাননীয় উপদেষ্টা, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় | উপদেষ্টা |
| ৪. | সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় | সভাপতি |
| ৫. | অতিরিক্ত সচিব (সকল), সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় | সদস্য |
| ৬. | অতিরিক্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ | সদস্য |
| ৭. | অতিরিক্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় | সদস্য |
| ৮. | অতিরিক্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ | সদস্য |
| ৯. | বিভাগীয় কমিশনার, ঢাকা | সদস্য |
| ১০. | মহাপরিচালক, বাংলাদেশ শিল্পকলা একাডেমি | সদস্য |
| ১১. | মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর | সদস্য |
| ১২. | মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর | সদস্য |
| ১৩. | মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর | সদস্য |
| ১৪. | যুগ্মসচিব (সকল), সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় | সদস্য |
| ১৫. | যুগ্মসচিব (প্রশাসন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ | সদস্য |
| ১৬. | যুগ্মসচিব (প্রশাসন), প্রাথমিক ও গণশিক্ষা | সদস্য |
| ১৭. | যুগ্মসচিব (প্রশাসন), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ | সদস্য |
| ১৮. | প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা দক্ষিণ সিটি করপোরেশন | সদস্য |
| ১৯. | মহা-পুলিশ পরিদর্শকের প্রতিনিধি (এআইজিপি-এর নীচে নয়) | সদস্য |
| ২০. | জেলা প্রশাসক, ঢাকা | সদস্য |
| ২১. | অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের প্রতিনিধি (উপসচিব- এর নীচে নয়) | সদস্য |
| ২২. | যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের প্রতিনিধি (উপসচিব-এর নীচে নয় | সদস্য |
| ২৩. | স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের প্রতিনিধি (উপসচিব-এর নীচে নয়) | সদস্য |
| ২৪. | গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের প্রতিনিধি (উপসচিব-এর নীচে নয়) | সদস্য |
| ২৫. | তথ্য মন্ত্রণালয়ের প্রতিনিধি (উপসচিব-এর নীচে নয়) | সদস্য |
| ২৬. | স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের প্রতিনিধি (উপসচিব এর নীচে নয়) | সদস্য |
| ২৭. | স্থানীয় সরকার বিভাগের প্রতিনিধি (উপসচিব এর নীচে নয়) | সদস্য |
| ২৮. | উপসচিব (অনুষ্ঠান শাখা), সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় | সদস্য সচিব |

**৭.২ জাতীয় কমিটির কার্যপরিধি:**

৭.২.১ প্রতিযোগিতা পরিচালনার নিয়মাবলি প্রণয়ন ও যাবতীয় দিক-নির্দেশনা প্রদান এবং প্রতিযোগিতার তারিখ ও সময় নির্ধারণ;

৭.২.২ পুরস্কার নির্ধারণ;

৭.২.৩ প্রতিযোগিতা সংক্রান্ত বাজেট অনুমোদন;

৭.২.৪ বিভাগীয় পর্যায়ে বিজয়ীদের অংশগ্রহণে জাতীয় প্রতিযোগিতা পরিচালনা ও এতদসংক্রান্ত যাবতীয় কার্যসম্পাদন;

৭.২.৫ প্রতিযোগিতা আয়োজন ও পরিচালনার ক্ষেত্রে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ;

৭.২.৬ প্রতিযোগিতা শেষে জাতীয় পর্যায়সহ সকল পর্যায়ের সেরা প্রতিযোগিদের সমন্বিত তালিকা বাংলাদেশ শিল্পকলা একাডেমি, বিটিভি ও বাংলাদেশ বেতারে প্রেরণ;

### ৭.৩ বিভাগীয় কমিটি: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

| | | |
|---|---|---|
| ১. | বিভাগীয় কমিশনার | সভাপতি |
| ২. | ডিআইজি | সদস্য |
| ৩. | মেট্রোপলিটন পুলিশ কমিশনার এর প্রতিনিধি | সদস্য |
| ৪ | জেলা প্রশাসক (সকল) | সদস্য |
| ৫. | উপপরিচালক, স্বাস্থ্য বিভাগ | সদস্য |
| ৬. | উপপরিচালক (মাধ্যমিক শিক্ষা) | সদস্য |
| ৭ | বিভাগীয় সদরের জেলা প্রাথমিক শিক্ষা অফিসার/জেলা শিক্ষা অফিসার | সদস্য |
| ৮ | উপপরিচালক, ফায়ার সার্ভিস এন্ড সিভিল ডিফেন্স | সদস্য |
| ৯ | সিটি করপোরেশন/ পৌরসভার প্রশাসক ০১(এক) জন (বিভাগীয় কমিশনার কর্তৃক মনোনীত) | সদস্য |
| ১০. | সংস্কৃতি অনুরাগী ব্যক্তি ০২ (দুই) জন (সভাপতি কর্তৃক মনোনীত) | সদস্য |
| ১১. | বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা | সদস্য সচিব |

### ৭.৪ বিভাগীয় কমিটির কার্যপরিধি:

৭.৪.১ বিভাগীয় পর্যায়ে সকল প্রতিযোগিতার সুষ্ঠু আয়োজন ও পরিচালনা এবং এতদসংক্রান্ত যাবতীয় কার্যসম্পাদন;

৭.৪.২ প্রতিযোগিতা শেষে বিভাগের বিজয়ীদের সমন্বিত তালিকা জাতীয় কমিটির নিকট প্রেরণ;

৭.৪.৩ কমিটি প্রয়োজনবোধে সদস্য কো-অপ্ট করতে পারবে।

### ৭.৫ জেলা কমিটি: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

| | | |
|---|---|---|
| ১. | মাননীয় সংসদ সদস্যবৃন্দ | উপদেষ্টা |
| ২. | জেলা প্রশাসক | সভাপতি |
| ৩. | পুলিশ সুপার | সদস্য |
| ৪. | সংশ্লিষ্ট সিটি কর্পোরেশনের প্রশাসক কর্তৃক মনোনীত প্রতিনিধি | সদস্য |
| ৫. | অতিরিক্ত জেলা প্রশাসক (শি.উ./সা.) | সদস্য |
| ৬. | সিভিল সার্জন | সদস্য |
| ৭. | উপজেলা নির্বাহী অফিসার (সকল) | সদস্য |
| ৮. | জেলা শিক্ষা কর্মকর্তা | সদস্য |
| ৯. | সুপারিনটেনডেন্ট (পিটিআই) | সদস্য |
| ১০. | জেলা কালচারাল অফিসার | সদস্য |
| ১১ | সহকারী পরিচালক/উপ-সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস এন্ড সিভিল ডিফেন্স | সদস্য |
| ১২. | সভাপতি, জেলা প্রেস ক্লাব | সদস্য |
| ১৩. | সংস্কৃতি অনুরাগী ব্যক্তি ০২ জন (সভাপতি কর্তৃক মনোনীত) | সদস্য |
| ১৪. | সদর উপজেলার মডেল সপ্রাবি-র প্রধান শিক্ষক/সরকারি মধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক | সদস্য |
| ১৫. | জেলা প্রাথমিক/মাধ্যমিক শিক্ষা অফিসার | সদস্য সচিব |

### ৭.৬ জেলা কমিটির কার্যপরিধি:

৭.৬.১ জেলা পর্যায়ে সকল প্রতিযোগিতার সুষ্ঠু আয়োজন ও পরিচালনা এবং এতদসংক্রান্ত যাবতীয় কার্যসম্পাদন;

৭.৬.২ প্রতিযোগিতা শেষে জেলার বিজয়ীদের সমন্বিত তালিকা বিভাগীয় কমিটির নিকট প্রেরণ;

৭.৬.৩ কমিটি প্রয়োজনবোধে সদস্য কো-অপ্ট করতে পারবে।

### ৭.৭ উপজেলা কমিটি: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

| | | |
|---|---|---|
| ১. | মাননীয় সংসদ সদস্য | প্রধান উপদেষ্টা |
| ২. | প্রশাসক, পৌরসভা | উপদেষ্টা |
| ৩. | উপজেলা নির্বাহী অফিসার | সভাপতি |
| ৪ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা | সদস্য |

| | | |
|---|---|---|
| ৫. | সহকারী কমিশনার (ভূমি) | সদস্য |
| ৬. | শিক্ষা অফিসার | সদস্য |
| ৭. | অফিসার ইন চার্জ | সদস্য |
| ৮. | ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/প্রশাসক (সকল) | সদস্য |
| ৯. | ইন্সট্রাক্টর, ইউআরসি | সদস্য |
| ১০. | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা | সদস্য |
| ১১ | উপজেলা ফায়ার সার্ভিস এন্ড সিভিল ডিফেন্স এর প্রতিনিধি | সদস্য |
| ১২. | সহকারী উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল) | সদস্য |
| ১৩. | উপজেলা সদরের উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক (সভাপতি কর্তৃক মনোনীত) | সদস্য |
| ১৪. | প্রধান শিক্ষক, মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয় | সদস্য |
| ১৫. | সংস্কৃতি অনুরাগী ব্যক্তি ২ জন (সভাপতি কর্তৃক মনোনীত) | সদস্য |
| ১৬. | উপজেলা প্রাথমিক/মাধ্যমিক শিক্ষা অফিসার | সদস্য সচিব |

**৭.৮ উপজেলা কমিটির কার্যপরিধি:**

৭.৮.১ উপজেলা পর্যায়ে প্রতিযোগিতা সুষ্ঠু আয়োজন ও পরিচালনা এবং এতদসংক্রান্ত যাবতীয় কার্যসম্পাদন;

৭.৮.২ প্রতিযোগিতা শেষে উপজেলার বিজয়ীদের সমন্বিত তালিকা জেলা কমিটির নিকট প্রেরণ;

৭.৮.৩ কমিটি প্রয়োজনবোধে সদস্য কো-অপ্ট করতে পারবে।

**৭.৯ পৌরসভা/ইউনিয়ন কমিটি:**

| | | |
|---|---|---|
| ১. | একাডেমিক সুপারভাইজার/সহকারী উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা (যে ক্ষেত্রে যিনি প্রযোজ্য) | আহ্বায়ক |
| ২. | প্রধান শিক্ষক (সকল মাধ্যমিক/ প্রাথমিক বিদ্যালয়) (যে ক্ষেত্রে যিনি প্রযোজ্য) | সদস্য |
| ৩. | ০২ (দুই) জন সংস্কৃতি অনুরাগী ব্যক্তি ( উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক মনোনীত) | সদস্য |

**৭.১০ পৌরসভা/ইউনিয়ন কমিটির কার্যপরিধি:**

৭.১০.১ পৌরসভা/ইউনিয়ন পর্যায়ে সকল প্রতিযোগিতা সুষ্ঠুভাবে আয়োজন ও পরিচালনা করা এবং এতদ্‌সংক্রান্ত যাবতীয় কার্য সম্পাদন।

৭.১০.২ প্রতিযোগিতা শেষে পৌরসভা/ইউনিয়নে বিজয়ীদের সমন্বিত তালিকা উপজেলা কমিটির নিকট প্রেরণ;

৭.১০.৩ কমিটি প্রয়োজনবোধে সদস্য কো-অপ্ট করতে পারবে।

**৮. প্রতিযোগিতার নিয়ম-কানুন:**

এ প্রতিযোগিতা সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রণীত নির্দেশিকা ও আয়োজক কমিটির সিদ্ধান্ত অনুযায়ী পরিচালিত হবে। প্রতিযোগিতা পরিচালনায় এ নির্দেশিকার আওতায় সমাধানযোগ্য নয় এমন কোনো সমস্যা বা জটিলতা দেখা দিলে প্রচলিত নিয়ম অনুসারে নিষ্পত্তি করতে হবে।

**৯. প্রতিযোগিতা পরিচালনার জন্য বিচারক নির্বাচন:**

- বিদ্যালয় পর্যায়ে সংশ্লিষ্ট উপজেলা শিক্ষা অফিসার/উপজেরা মাধ্যমিক শিক্ষা অফিসার বিচারক নিয়োগ করবে।
- পৌরসভা/ইউনিয়ন, উপজেলা, জেলা/সিটি কর্পোরেশন, বিভাগ এবং জাতীয় পর্যায়ের প্রতিযোগিতার ক্ষেত্রে সংশ্লিষ্ট কমিটি বিচারক নিয়োগ করবে;
- প্রতিযোগিতা চলাকালীন সময়ে বিচারকগণের সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে;
- বিচারকদের যাতায়াত, খাবার ও অন্যান্য সম্মানী ভাতা নির্ধারিত হারে সংশ্লিষ্ট কমিটি বহন করবে।

**১০. প্রতিযোগিতা এর পুরস্কার:**

- জাতীয় পর্যায়ে চূড়ান্তভাবে ১ম, ২য়, ও ৩য় স্থান অর্জনকারীকে যথাক্রমে স্বর্ণ, রৌপ্য, ব্রোঞ্জ পদক এবং সনদপত্র প্রদান করা হবে;
- প্রতিটি পর্যায়ে বিজয়ীদের স্থানীয়ভাবে ক্রেস্ট, মেডেল প্রদান করা যাবে;
- শ্রেষ্ঠ প্রতিযোগিকে সনদ ও মেডেল দেয়া হবে।

**১১. পৃষ্ঠপোষকতা:**

আয়োজক কমিটি সমূহ নিজ নিজ অধিক্ষেত্রে প্রতিযোগিতা পরিচালনায় পৃষ্ঠপোষকতা ও আর্থিক অনুদান সংগ্রহ করতে পারবে।

**১২. সংশোধন:**

প্রতিযোগিতা সুষ্ঠুভাবে পরিচালনার জন্য প্রয়োজনবোধে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় নির্দেশিকার সঙ্গে সঙ্গতি রেখে যেকোনো নিয়ম/কানুন সংশোধন/সংযোজন/পরিবর্তন/পরিবর্ধন করতে পারবে।

**১৩. নির্দেশিকার প্রযোজ্যতা:**

এই নির্দেশিকা সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক আয়োজিত নজরুল বর্ষ উপলক্ষ্য দেশব্যাপী প্রাথমিক, কারিগরি ও মাধ্যমিক পর্যায়ে সাংস্কৃতিক প্রতিযোগিতার জন্য প্রযোজ্য হবে।

**১৪. স্পষ্টীকরণ:**

জারিকৃত নির্দেশিকার কোনো অংশ/অনুচ্ছেদ এর বিষয়ে অস্পষ্টতা থাকলে বা কোনো ব্যাখ্যার প্রয়োজন হলে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় তা স্পষ্টীকরণ করবে।

মৌসুমী সরকার রাখী
উপসচিব (অনুষ্ঠান)
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়,বগুড়া
শিক্ষা ও কল্যাণ শাখা
www.bogra.gov.bd

স্মারক নং: ০৫.৫০.১০০০.২১.১৪২.০০২.২৬.১৯২ (১৪)

তারিখ: ২২ শ্রাবণ ১৪৩৩ বঙ্গাব্দ
০৬ আগস্ট ২০২৬ খ্রিস্টাব্দ

অনুলিপি অবগতি ও সংযুক্ত নির্দেশিকা অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পত্রটি পৃষ্ঠাঙ্কন পূর্বক নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

06.08.2026
মোছাঃ সাবিনা ইয়াসমিন
সহকারী কমিশনার

১। উপজেলা নির্বাহী অফিসার (সকল), বগুড়া।
২। জেলা শিক্ষা অফিসার, বগুড়া।